

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
আইসিটি শাখা  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

ইনোভেশন টিমের মার্চ/২০২১ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

|            |  |
|------------|--|
| সভাপতি     | : মাসুদা খানম<br>: জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : ২৪/০৩/২০২১খ্রি.  |
| সভার সময়  | : সকাল ১১.০০ ঘটিকা   |
| স্থান      | : জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার এর কক্ষ # ৫১০।   |
| উপস্থিতি   | : পরিশিষ্ট “ক”   |

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত আছে। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**১। মাঠ পর্যায়ের ইনোভেশন কার্যক্রম পর্যালোচনা :**

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট সভাপতি ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা/নির্ণায়ক অনুযায়ী মৎস্য অধিদপ্তর এর ইনোভেশন কার্যক্রম চলমান রয়েছে।

**২। মাঠ পর্যায়ের উদ্ভাবনী আইডিয়া ও অধিকতর পাইলটিং উদ্যোগ পর্যালোচনাঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) সভায় জানান যে, জনাব মোঃ লতিফুর রহমান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ এর ইনোভেশন উদ্যোগ ড. ফিশ এর পাইলটিং সফলভাবে সম্পন্ন হয়েছে। সভাপতি কার্যক্রম অব্যাহত রাখার জন্য উদ্ভাবককে নির্দেশনা প্রদান করেন।

**৩. ইনোভেশন শোকেসিং বিষয়ক আলোচনা:**

সহকারী পরিচালক, আইসিটি সভায় জানান যে, আগামী ৩১.০৩.২০২১ খ্রি. তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হবে মর্মে মন্ত্রণালয় থেকে পত্র পাওয়া যায়। এ বিষয়ক উদ্ভাবকগণের নিকট হতে আইডিয়া বোর্ড সংগ্রহপূর্বক শোকেসিং আয়োজন স্থলে প্রদর্শনের ব্যাপারে ইনোভেশন টিমের সদস্যগণ ব্যবস্থা নেয়ার ব্যাপারে বিশদভাবে আলোচনা করা হয়।

**৪. মাঠ পর্যায়ের উদ্ভাবকগণকে উদ্ভাবনী ফান্ড প্রদান বিষয়ক আলোচনাঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান, ফান্ড প্রদানের জন্য উদ্ভাবকগণ পাওয়ার পয়েন্টে তাঁদের উদ্ভাবন পরিকল্পনা প্রেরণ করেন। উদ্ভাবকগণের প্রেরিত পাওয়ার পয়েন্টসমূহ নিয়ে একটি সভা আয়োজনের ব্যাপারে আলোচনা হয়।

**৫. সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ক ২ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত আলোচনাঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন প্রয়োজন। এ লক্ষ্যে, কর্মকর্তা মনোনয়নের জন্য বিভাগীয় উপপরিচালকগণকে অনুরোধ জানানোর ব্যাপারে আলোচনা হয়।

**৬. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা :**

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ১৭.০২.২০২১ খ্রিঃ তারিখের ইনোভেশন টিমের সভায় ৩টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। ফান্ড প্রদানের জন্য মূল্যায়ন কমিটি গঠনপূর্বক দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় আলোচনা হয়।

আলোচনার শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

**সিদ্ধান্তসমূহ:**

১. বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন কার্যক্রম চলমান রাখতে হবে;
২. ড. ফিশ এর উদ্ভাবককে ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়;
৩. শোকেসিং এ আইডিয়া বোর্ড যথাযথভাবে প্রদর্শনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;
৪. ফান্ড প্রদানের নিমিত্ত সভা আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়;
৫. সেবা সহজিকরণ সংক্রান্ত মনোনয়ন তালিকা চূড়ান্তকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শেষ হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৪/০৬/২০২১  
(মাসুদা খানম)  
জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)  
ও  
ইনোভেশন অফিসার

স্মারক নম্বরঃ ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০২.২০.০৮

বিতরণঃ কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ২) স্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৪) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৫) অফিস কপি।

তারিখঃ ২৪ মার্চ, ২০২১